



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
তথ্য প্রযুক্তি বিভাগ

ফোন : ৯৫৫১১৬৮
পিএবিএক্স : ৯৫৬০০২১/৩৫৩

নং-প্রকা/আইটি/৯(ব্যাক-আপ)/২০১২-২০১৩/৮২(১২০০)

তারিখঃ ০৯-০৯-২০১২

- ১। সকল মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
- ২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক
- ৩। উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক
- ৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ কম্পিউটারাইজড শাখা/কার্যালয়সমূহের ডাটা ব্যাক আপ গ্রহণ ও ব্যাক আপ সিডি সংরক্ষণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। বাংলাদেশ কৃষি ব্যাংক Core Risk Management Unit এর জুলাই/২০১২ মাসের বিগত ১৩.০৮.২০১২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কম্পিউটার কাজ সংশ্লিষ্ট ব্যাক-আপ সম্পর্কে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:
"আইটি ডাটা ব্যাক আপ ও সিকিউরিটি প্রত্যেক দিন মনিটরিং করতে হবে। শাখায় ব্যাক আপ সিডি করে পাশাপাশি অন্য একটি শাখায় সংরক্ষণ করতে হবে"।

এ ব্যাপারে বিভিন্ন সময়ে অত্র বিভাগ হতে কম্পিউটারাইজড শাখা/কার্যালয়সমূহে একাধিক নির্দেশনামূলক পত্র প্রদান করা হয়। বিষয়টির গুরুত্ব অনুধাবনের জন্য এ সমস্ত পত্র সমূহের সূত্র নিম্নে উল্লেখ করা হলঃ

- ১। প্রকা/কম্পি/শাখা-৭(১২)অংশ-২/২০০৩-২০০৪/৪১(৪০) তারিখঃ ০৯-০৮-২০০৩
- ২। প্রকা/কম্পি/বিবিধ-৯(১)অংশ/২০০৬-২০০৭/৪৩(২৮) তারিখঃ ০৯-০৮-২০০৬
- ৩। প্রকা/কম্পি/বিবিধ-৯(১)অংশ/২০০৭-২০০৮/১৮০(৪১) তারিখঃ ১৩-১২-২০০৭
- ৪। প্রকা/কম্পি/শাখা-৭(১২)অংশ-৩/২০০৭-২০০৮/২৭৪(৪১) তারিখঃ ২৬-০২-২০০৮
- ৫। প্রকা/কম্পি/শাখা-৭(১২)অংশ-৩/২০০৭-২০০৮/৪১৩(৩৬) তারিখঃ ০২-০৬-২০০৮
- ৬। প্রকা/আইটি/শাখা-৭(১২)অংশ-৩/২০০৯-২০১০/৫০১(২৪০) তারিখঃ ১০-০৬-২০১০

- ০৩। তাছাড়া, বিকেবি কম্পিউটারাইজড শাখাসমূহে পরিচালনপত্র নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত দিক নির্দেশনা সম্পর্কিত ঋণ আদায় মহাবিভাগের ০১-০৪-২০১২ তারিখে জারীকৃত ঋণ আদায় পরিপত্র -১/২০১২ এর ৩ নং অনুচ্ছেদে ডাটা ব্যাক আপ গ্রহণ ও ব্যাক আপ সংরক্ষণের বিষয়ে উল্লেখ করা হয় এবং অত্র বিভাগ হতে প্রকাশিত IT Security Policy/December'2007 পুস্তকের Chapter-7 Business Continuity & Disaster Recovery Plan এ ব্যাক আপ সংক্রান্ত যাবতীয় করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়াও আইটি অডিট ম্যানুয়ালে শাখা পর্যায়ে ব্যাক আপ সংরক্ষণের অবস্থা পরিদর্শনের জন্য নিরীক্ষা কর্মকর্তাদের নির্দেশনা দেয়া আছে। উপরে বর্ণিত পত্র সমূহে ও পরিপত্রে উল্লেখিত নির্দেশনা মোতাবেক শাখা/কার্যালয়সমূহে দৈনন্দিন ব্যাক আপ গ্রহণের পাশাপাশি ব্যাক আপ সিডি সংরক্ষণসহ Disaster Recovery (DR) site হিসেবে নির্দেশিত শাখা/কার্যালয়ে তা সংরক্ষণ করা এবং পাশাপাশি উক্ত সার্কুলারে ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় নির্দেশনা পরিপালন করার জন্য সকল শাখা/কার্যালয়কে পরামর্শ প্রদান করা হলো এবং সার্বিকভাবে বিষয়টি পরিধারন নিশ্চিত করার জন্য নিয়ন্ত্রনকারী কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো।

- ০৪। **বিষয়টি অতীব পুন: অতীব জরুরী।**

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

(গাজী মোঃ ফজলুল কবির)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, বিসিবিডি ও সভাপতি Risk Management Unit বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, টি আই বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিষয়টি পরিধারন করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। নথি।